দর্শনা ট্রাক মালিক শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদকের বিরুদ্ধে সরকারী অনুদান বিতরণে অনিয়মের অভিযোগ

চুয়াডাঙ্গার দর্শনা ট্রাক মালিক শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক নাজিম উদ্দীনের বিরুদ্ধে সরকারী অনুদান বিতরণে নানা অনিয়মের অভিযোগ উঠেছে।

জানা যায়, মহামারী করোনার কারণে ট্রাক মালিক শ্রমিক ইউনিয়নের অনেক শ্রমিক মানবেতর জীবনযাপন করছিলেন। এরই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসন শ্রমিকদের জন্য সরকারি অনুদান সাধারণ সম্পাদক নাজিম উদ্দীনের কাছে হস্তান্তর করেন। পরে তা প্রকৃত শ্রমিকদের কাছে বিতরণ করতে বলা হয়।

কিন্তু সে নিজের মন মত যাকে ইচ্ছা তাকে অনুদান দিয়েছে বলে অভিযোগ উঠেছে। গত রবিবার (৩ মে) সকাল ১১ টার দিকে ওই সরকারী অনুদান দর্শনা পৌরসভার কার্যালয় নির্ধারন করে বিতরণ করা হয়।

এসময় শ্রমিকরা অভিযোগ করে বলেন, এসব অনুদান কোনো প্রকৃত শ্রমিককে দেওয়া হচ্ছে না। তিনি মন মত যাদের খুশি অনুদান সামগ্রী বিতরণ করছেন।

শ্রমিকরা আরও অভিযোগ করেন, নাজিম উদ্দীন যাদের এই অনুদান দিয়েছে সকলেই তার পক্ষের ও যাদের মোটর শ্রমিকের কার্ড অনেক আগে মেয়াদ শেষ হয়ে গেছে। তারাই অনুদান পেয়েছে আর প্রকৃত শ্রমিকরা অধিকাংশই এ অনুদান থেকে বাদ পড়েছে।

এমন অনিয়মের অভিযোগের খবর শুনে ঘটনাস্থলে দর্শনা মেয়র এসে সকলকে শান্ত করেন এবং অপরাধি নাজিম উদ্দিনের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলেও জানান। এছাড়া ঢাকা-দর্শনার মধ্যে চলাচলকারী পরিবহণ ৯০জন শ্রমিকের কেউই এ ত্রান পায়নি বলে অভিযোগ তোলে।

এসময় সেনাবাহিনি ও দর্শনা থানার পুলিশ ঘটনা স্থান পরিদর্শন করেন। এসময় মটর শ্রমিকরা নাজিম উদ্দিনের বিরুদ্ধে আইনি ব্যবস্থা

গ্রহনের জন্য জেলা প্রশাসকের নিকট দাবী তোলেন।

চুয়াডাঙ্গা’য় মটর শ্রমিক ও চা দোকানিদের মাঝে ওয়েভ ফাউন্ডেশনের খাদ্য সহায়তা

মহান মে দিবস উপলক্ষ্যে করোনা‘র প্রাদুর্ভাবে ঘরবন্দী কর্মহীন পরিবারসমূহে ওয়েভ ফাউন্ডেশন-এর খাদ্য সহায়তা কার্যক্রমের আওতায় চুয়াডাঙ্গার মটর শ্রমিক ও চায়ের দোকানদারদের মাঝে ০২ মে, ২০২০ শনিবার, বিকাল ৩টায় ৪৫০টাকা মূল্যের ৫০ প্যাকেট খাদ্য উপহার প্রদান করা হয়।

চুয়াডাঙ্গা জেলা’র অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোহাম্মদ ইয়াহ্ইয়া খান ও চুয়াডাঙ্গা সদর থানা’র ভারপ্রাপ্ত কর্মকর্তা আবু জিহাদ ফকরুল আলম খান অনুষ্ঠানে উপস্থিত থেকে ৩০জন মটর শ্রমিক ও ১৫জন চায়ের দোকানদার এবং ০৫জন সাউন্ড সিস্টেম অপারেটরের হাতে খাদ্য উপহার সমূহ তুলে দেন।

এসব খাদ্য উপহার এর মধ্যে ছিল চাউল, আলু, মসুর ডাল, ছোলা, সয়াবিন তেল, মুড়ি, মাস্ক।

এসব খাদ্য উপহার প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের উপ-পরিচালক জহির রায়হান, ওয়েভ ট্রেড ট্রেনিং সেন্টারের অধ্যক্ষ আব্দুস সালাম, উপ-সমন্বয়কারী মাহাবুবুর রহমান মুকুল সাহেদ জামাল ইউনিয়ন সমন্বয়কারী সমৃদ্ধি কর্মসূচি নুঝাত পারভীন প্রমুখ।

পৌরসভার উদ্যোগে করোনা ভাইরাস সম্পর্কে সচেতনতা সৃষ্টি ও জীবাণুনাশক স্প্রে

পৌরসভার উদ্যোগে করোনা ভাইরাস সম্পর্কে সচেতনতা সৃষ্টি ও জীবাণুনাশক স্প্রে করা হয়েছে। গতকাল সোমবার সকালের দিকে মেহেরপুর পৌরসভা চত্বর থেকে জীবাণুনাশক স্প্রে করণ শুরু করা হয়।

পরে পৌরসভার কর্মীরা মেহেরপুর শহরের প্রধান প্রধান সড়কে জীবাণুনাশক স্প্রে করে।

এর আগে পৌর মেয়র সর্বসাধারণের দৃষ্টি আকর্ষণ করে বলেন, “করোনাভাইরাস কে কেউ অবহেলার দৃষ্টিতে দেখবেন না। অযথা কেউ বাড়ির বাইরে বের হবেন না।”

মেহেরপুরে ফায়ার সার্ভিস কর্তৃক জীবাণুনাশক স্প্রে

মেহেরপুরে ফায়ার সার্ভিসের উদ্যোগে মেহেরপুরের বিভিন্ন স্থানে জীবাণুনাশক স্প্রে করা হয়েছে। করোনা ভাইরাসের প্রাদুর্ভাব দূর করতে এবং মানুষকে সুস্থ্য রাখার লক্ষ্যে এই স্প্রে প্রদান করে তারা।

গতকাল সোমবার সকালের দিকে মেহেরপুর ফায়ার সার্ভিসের একটি টিম মেহেরপুর শহরের বিভিন্ন জায়গাতে এই স্প্রে প্রদান করেছে।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের স্টেশন অফিসার জাহিদুর রহমানের নেতৃত্বে স্প্রে করা হয়।

প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী খাদ্য সামগ্রী বাড়িতে পৌছিয়ে দিচ্ছি- মেয়র রিটন

করোনার ভাইরাস প্রার্দূভাবের শুরু থেকেই কর্মহীন অসহায় মানুষের পাশে দাঁড়িয়েছেন মেহেরপুর পৌর মাহফুজুর রহমান রিটন। প্রতিদিনই তিনি নিজেই মানুষের দুয়ারে দুয়ারে গিয়ে খাদ্যসামগ্রী পৌঁছে দিতে অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন তিনি ।
শুক্রবার বিকালে পৌরসভার ১নং ওয়ার্ডের ঘোষপাড়ার ৫৫০ টি কর্মহীন অসহায় পরিবারের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করেন।
খাদ্যসামগ্রী বিতরণকালে মেয়র বলেন, প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নির্দেশনা দিয়েছেন নির্বাচনের সময় যেমন বাড়ি বাড়ি গিয়ে ভোট চাওয়া হয়েছে ঠিক তেমনি যেকোন দুঃসময়ে কর্মহীন অসহায় মানুষের বাড়ি বাড়ি গিয়ে খাদ্যসামগ্রী দিয়ে নিশ্চিত করতে হবে। প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক আমি আমার নিজস্ব তহবিল থেকে এসব সাহায্য-সহযোগিতা করে যাচ্ছি। এ কার্যক্রম অব্যহত থাকবে ইনশাআল্লাহ। পৌরবাসীর উদ্দেশ্যে তিনি আরো বলেন আপনারা ঘরে থাকেন আমি আছি আপনাদের পাশে। খাদ্যসামগ্রী পৌঁছে যাবে আপনার দুয়ারে।
খাদ্য সামগ্রী বিতরনকালে সহযোগীতা করেন, পৌর কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব, মীর জাহাঙ্গীর, যুবলীগ নেতা আমানুর রহমান সোহেল, ইয়ানুস আলী, শেখ সারাফদ্দিন, সাজাহান, জুয়েল রানা প্রমুখ উপস্থিত ছিলেন।

হজ্বের টাকায় কুষ্টিয়ায় ফ্রি ভ্রাম্যমাণ মুদি দোকান ও সবজি বাজার দিলেন প্রকৌশলী টুটুল

হজ্ব করার জন্য কিছু টাকা জমিয়েছিলেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী আলিমুজ্জামান টুটুল। সেসব টাকা দিয়েকরোনা সংকটে কর্মহীন হয়ে পড়া মানুষ ও অসহায়দের মাঝে ফ্রি মুদি দোকান ও সবজি বাজার চালুকরণ করে তাঁদের পাশে দাঁড়িয়েছেন। মহত এমন কাজে অবাক করে দিয়েছে মানুষকে। ভালোবাসার বহি:প্রকাশ হিসেবে এমন মহত কাজে মানুষের ভালোবাসায় পুলকিত হয়েছে তিনি।

শুক্রবার সকালে সদর উপজেলার হাটশহরিপুর বাজার এলাকায় বিভিন্ন সবজির পসরা সাঁজিয়ে মানুষের মাঝে এসব বিতরণ করেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী আলিমুজ্জামান টুটুল।

করেনাভাইরাসের কারণে চলমান লকডাউনে কর্মহীন হয়ে পড়া অসহায়, দুস্থদের পাশে দাঁড়িয়েছেন ‘গ্রীন আর্কিটেক্ট’ নামের একটি প্রতিষ্ঠান। ইঞ্জিনিয়ার আলিমুজ্জামান টুটুল পরিচালিত গ্রীণ চাইল্ড এর উদ্যোগে এই মহতি কাজের উদ্যোগ নেন। আর এ কাজে তাকে সহযোগীতা করেন বেশ কিছু স্বেচ্ছাসেবকগণ।

ফ্রি বাজার করতে আসা অসহায় লোকজন তাঁদের হাতে তুলে দিচ্ছেন ব্যাগ। স্বেচ্ছাসেবকগণ একে একে দোকানে থাকা মুদী সামগ্রী ও সবজিগুলো পরিমাণমতো ব্যাগে ভরে তাঁদের হাতে দিচ্ছেন। ভ্রাম্যমাণ ফ্রি সবজি বাজারে রয়েছে চাল, ডাল, আটা, তেল, ধবন, সাবারস. ভিমবার, আলু, পেঁয়াজ, রসুন, মিষ্টিকুমড়া, পুঁইশাক, মরিচ, ভেন্ডি, বাধাকপি।

নৌকার মাঝি মিলন আলী বলেন, করোনার কারনে নদীতে আর নৌকা নিয়ে যাওয়া হয় না। বেকার হয়ে পড়ায় সংসার চালাতে হিমশিম খেতে হচ্ছে। আজ সকালে ব্যাগভর্তি বাজার দিলেন ইঞ্জিনিয়ার টুটুল স্যার। ব্যাগ ভরে বাজার পেলেও কিন্তু কোনো টাকা লাগেনি। এতে করে আমার কয়েকটা দিন ভালোভাবে চলে যাবে।

মিজানুর রহমান লালন নামে ইবির শিক্ষার্থী বলেন, করোনা সংক্রমণে লকডাউন চলা কালে মানুষ ঘরে অবস্থান করায় তাঁদের অনেকেই কর্মহীন হয়ে পড়েছে। তাই ইঞ্জিনিয়ার আলিমুজ্জামান টুটুল পরিচালিত গ্রীণ চাইল্ড এর উদ্যোগে এই ফ্রি মুদী ও সবজি বাজার এসব মানুষগুলোর খুব উপকার হবে।

পরিচালিত গ্রীণ চাইল্ড এর উদ্যোগে এসব মহতি কাজের উদ্যোক্তা ইঞ্জিনিয়ার আলিমুজ্জামান টুটুল বলেন, চলমান করোনা পরিস্থিতি কারণে অনেক মানুষ কর্মহীন হয়ে পড়ে। হজ্ব করার জন্য কিছু টাকা জমিয়েছিলাম আর কিছু প্রভিডেন্ট ফান্ড থেকে ঋন করা টাকাগুলো দিয়ে এই চরম সংকটে অসহায় মানুষদের জন্য কিছু করার অভিপ্রায় থেকেই এসকল মানুষের পাশে দাঁড়ানোর চেষ্টা মাত্র। যার ফলশ্রুতিতে ভ্রাম্যমাণ ফ্রি মুদি দোকান ও সবজি বাজার বসিয়ে তাঁদের পাশে দাঁড়াতে পেরে বেশ ভালো লাগছে। এ ধারা অব্যাহত থাকবে বলেও জানান তিনি। প্রসঙ্গত, তিনি সামাজিক দ্বায়বদ্ধতা থেকে বিভিন্ন সময়ে শিক্ষাবৃত্তি, বৃক্ষরোপন সহ অনেক সামাজিক কর্মকান্ডের সাথে সম্পৃক্ত রয়েছেন।

দেশে ২৪ ঘন্টায় ২জন সহ মোট মৃত্যু ১৭০

করোনাভাইরাসের মহামারীতে আক্রান্ত হয়ে দেশে গত ২৪ ঘণ্টায় ২ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে মোট মৃতের সংখ্যা দাঁড়াল ১৭০ জনে। মৃতদের একজন পুরুষ এবং অপরজন নারী। একজন ঢাকার এবং আরেকজন ঢাকার বাইরের।

আজ শুক্রবার (১ মে) স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত স্বাস্থ্য বুলেটিনে এসব তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা ব্রিফিংয়ে যুক্ত হয়ে এসব তথ্য জানান।

দেশে নভেল করোনাভাইরাসে (কভিড-১৯) সংক্রমিত প্রথম রোগী শনাক্ত হয় গত ৮ মার্চ। পরে ১৮ মার্চ করোনাভাইরাসে আক্রান্ত হয়ে প্রথম একজনের মৃত্যু হয়।

মেহেরপুরে যক্ষা ও কুষ্ঠ রোগ নিয়ন্ত্রণে প্রচার অভিযানে লিফলেট বিতরণ

মেহেরপুরে যক্ষা ও কুষ্ঠ রোগ নিয়ন্ত্রণ, প্রতিরোধ ও চিকিৎসা বিষয়ক জন সচেতনতা বৃদ্ধিতে লিফলেট বিতরণ করেছে চার্চ অব বাংলাদেশ মেহেরপুর জেলা ইউনিট।

জাতীয় পুষ্টি সপ্তাহ ২০২০ উপলক্ষ্যে মেহেরপুর জেলার তিনটি উপজেলায় ‘চিকিৎসায় যক্ষা রোগ ভাল হয়, কুষ্ঠ রোগীদের অবহেলা করতে নেই’ এ শ্লোগান সহ বিভিন্ন সচেতনতা মূলক লিফলেট বিতরণ করেন এ প্রতিষ্ঠানটি।

মেহেরপুর সিভিল সার্জন অফিস থেকে বিতরণ কাজ শুরু করে বিভিন্ন গ্রামে পাড়া মহল্লা ও পাবলিক প্লেসে এসকল লিফলেট বিতরণ করেন চার্চ অব বাংলাদেশের যক্ষা ও কুষ্ঠ রোগ নিয়ন্ত্রণ বিভাগের জেলা সমন্বয়কারি সন্ধা মন্ডল। তাকে সহযোগীতা করেন মাঠ কর্মী মার্টিন লাহেরি। সেই সাথে মহামারি করোনা প্রতিরোধে মানুষকে ঘরে থাকার পরামর্শ দেন তারা।

মাদারীপুর-ঢাকা-কুষ্টিয়া ঘুরেও করোনাভাইরাস থেকে শেষরক্ষা হয়নি

কুষ্টিয়ার কুমারখালী উপজেলায় এবার ঢাকা ও নারায়ণগঞ্জ থেকে আসা এক নারী ও যুবকের করোনাভাইরাস শনাক্ত হয়েছে। আক্রান্ত নারী (৪০)

কুমারখালী উপজেলার চাপড়া ইউনিয়নের জয়নাবাদ গ্রামের বাসিন্দা।

আক্রান্ত যুবক (২২) একই উপজেলার যদুবয়রা ইউনিয়নের দক্ষিণ যদুবয়রা গ্রামের বাসিন্দা। কুষ্টিয়ার সিভিল সার্জন ডা. এইচ এম আনোয়ারুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেন।

তিনি বলেন, ২৪টি নমুনা পরীক্ষায় দুজনের করোনা পজিটিভ পাওয়া গেছে। তাদের চিকিৎসার বিষয়ে ব্যবস্থা নেয়া হবে।

কুমারখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আকুল উদ্দিন বলেন, আক্রান্ত নারীর স্বামী ব্যবসায়ী। তিনি পরিবারসহ মাদারীপুরে বসবাস করেন। করোনার সংক্রমণ শুরু হলে তিনি মাদারীপুর থেকে পরিবার নিয়ে ঢাকায় যান। পরবর্তীতে ২৬ এপ্রিল রাতে ঢাকা থেকে পরিবারসহ কুমারখালী উপজেলার চাপড়া ইউনিয়নের জয়নাবাদ গ্রামের বাড়িতে আসেন। খবর পেয়ে পরদিন ২৭ এপ্রিল স্বামী-স্ত্রী এবং ছেলেসহ তিনজনের নমুনা সংগ্রহ করা হয়।

সেই সঙ্গে পরিবারটিকে হোম কোয়ারেন্টাইনে রাখা হয়। গতকাল বুধবার বিকেলে কুষ্টিয়া পিসিআর ল্যাবে পরীক্ষার প্রাপ্ত রিপোর্টে ওই ব্যবসায়ীর স্ত্রীর রিপোর্ট পজিটিভ আসে। তার স্বামী ও ছেলের রিপোর্ট নেগেটিভ।

ডা. আকুল উদ্দিন আরও বলেন, আক্রান্ত যুবক ক্ষুদ্র ব্যবসায়ী। স্ত্রীসহ নারায়ণগঞ্জ থেকে সম্প্রতি গ্রামের বাড়ি দক্ষিণ যদুবয়রায় আসেন। ২৭ এপ্রিল স্বামী-স্ত্রীর নমুনা সংগ্রহ করে পরীক্ষা করা হয়। স্ত্রীর রিপোর্ট নেগেটিভ এলেও স্বামীর রিপোর্ট পজিটিভ এসেছে।

কুমারখালী উপজেলায় এ নিয়ে করোনায় আক্রান্তের সংখ্যা দাঁড়াল ১০ জনে।

মেহেরপুরের বারাদীতে সামাজিক

দূরত্ব না মেনেই চলছে টিসিবি পণ্য বিক্রয়

সারা বিশ্ব যেখানে করনা ভাইরাসের প্রাদুর্ভাবে থমথমে অবস্থা বিরাজ করছে। সেখানে মেহেরপুরের বারাদীতে সরকারি নির্দেশনা না মেনেই চলছে টিসিবির বিভিন্ন রকমের পণ্য বিক্রয়।

আজ বুধবার সকাল ১০ টার সময় মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়ে সামাজিক দূরত্ব না মেনেই চলছে টিসিবি পণ্য বিক্রি। যেখানে, প্রশাসনের দৃষ্টি থাকা সত্ত্বেও তারা ব্যর্থ। গাদাগাদি করে লাইনে দারিয়ে পণ্য নেওয়ার জন্য ভির করেছেন সাধারণ জনগণ।

এখানে ৬০ টাকা কেজি দরে ছোলা, ৫০ টাকা কেজি দরে মসুর ডাউল, ৫০ টাকা কেজি দরে চিনি, ১২০ টাকা কেজি দরে খেজুর ও ৮০ টাকা কেজি দরে তেল বিক্রিয় করা হচ্ছে।

তবে সকাল থেকে লাইনে দাড়িয়ে পণ্য না পেয়ে হতাশ হয়ে ফিরে যেতে হচ্ছে অনেক ক্রেতা কে।